# শাহজালালে চার ফ্লাইটে অভিযান, জব্দ ৪২ লাখ টাকার স্বর্ণ-ওষুধ-সিগারেট




ছবি: সংগৃহীত

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে পৃথক চারটি অভিযানে প্রায় ৪২ লাখ ৮৮ হাজার টাকা মূল্যের বিভিন্ন পণ্য আটক করেছে কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর (সিআইআইডি)। জব্দ করা সামগ্রীর মধ্যে রয়েছে স্বর্ণ, ওষুধ, বিদেশি মদ, সিগারেট এবং আমদানিনিষিদ্ধ ক্রিম ও সিরাম।

শনিবার (১৫ আগস্ট) গোপন সংবাদের ভিত্তিতে বিমানবন্দরে আসা চারটি আন্তর্জাতিক ফ্লাইটে এসব অভিযান চালানো হয় বলে জানিয়েছে সিআইআইডি।

শ্রীলঙ্কান এয়ারলাইন্সের ইউএল-১৮৯ ফ্লাইটে কলম্বো থেকে আসা যাত্রী মো. পারভেজকে গ্রিন চ্যানেল পার হওয়ার সময় আটক করা হয়। তার ট্রলিতে তৈরি করা বিশেষ একটি গোপন স্থানে পাওয়া যায় ১৩৩ গ্রাম স্বর্ণ। পরে লাগেজ তল্লাশি করে শর্তসাপেক্ষে আমদানিযোগ্য ২ হাজার ৫৮৯ পিস ওষুধও উদ্ধার করা হয়। প্রয়োজনীয় বৈধ কাগজপত্র দেখাতে না পারায় এসব পণ্য জব্দ করা হয়। স্বর্ণ ও ওষুধের আনুমানিক মূল্য ৩০ লাখ টাকা।

অন্যদিকে এয়ার ইন্ডিয়ার এআই-২৩৭ ফ্লাইটে আসা যাত্রী জনি মিয়ার ব্যাগেজে তল্লাশি চালিয়ে ৬ লিটার গ্রান্টস ব্র্যান্ডের বিদেশি মদ পাওয়া যায়। জব্দ করা মদের আনুমানিক বাজারমূল্য ১ লাখ ২০ হাজার টাকা।

LENS ASIA

এমিরেটসের ইকে-০৫৮৬ ফ্লাইটে আসা যাত্রী মো. মিজানুর রহমানের লাগেজ থেকে ২৯ কার্টুন সিগারেট ও ৭০৮ পিস পাকিস্তানি হোয়াইটেনিং সিরাম উদ্ধার করা হয়। এসব পণ্যের আনুমানিক মূল্য ৪ লাখ ৪৯ হাজার টাকা।

এ ছাড়া ইউএস-বাংলা এয়ারলাইন্সের বিএস-৩১৬ ফ্লাইটে আগত যাত্রী সুমা বেগমের কাছ থেকে ৩০ কেজি আমদানিনিষিদ্ধ গৌরি ক্রিম উদ্ধার করা হয়। জব্দ করা ক্রিমের আনুমানিক মূল্য ৬ লাখ টাকা।

সিআইআইডির দেওয়া তথ্য অনুযায়ী, চার অভিযানে মোট ১৩৩ গ্রাম স্বর্ণ, ২ হাজার ৫৮৯ পিস ওষুধ, ৫১ কার্টুন সিগারেট, ৩১ কেজি নিষিদ্ধ ক্রিম, ৭০৮ পিস নিষিদ্ধ সিরাম এবং ৬ লিটার বিদেশি মদ জব্দ করা হয়েছে। সব মিলিয়ে জব্দ করা পণ্যগুলোর আনুমানিক বাজারমূল্য ৪২ লাখ ৮৮ হাজার টাকা।